দৈনিক
ইনকিলাব

তারিখ 22 JAN 2009
পৃষ্ঠা ৩ কলাম ৩

# শিক্ষার মানোন্নয়নে সর্বাত্মক সহযোগিতা দেয়া হবে-শিক্ষামন্ত্রী

## বিসিএস সাধারণ শিক্ষা সমিতি নেতৃবৃন্দের সাথে বৈঠক

স্টাফ রিপোর্টার ঃ শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ-এর সাথে গতকাল (বুধবার) বিসিএস সাধারণ শিক্ষা সমিতির সভাপতি, প্রফেসর ফাহিমা খাতুন এবং মহাসচিব, মোঃ মাসুমে রব্বানী খানের নেতৃত্বে ২৫ সদস্যের প্রতিনিধি দল সৌজন্য সাক্ষাৎ করেন। শিক্ষা মন্ত্রণালয়ের মন্ত্রীর দায়িত্ব গ্রহণ করায় নূরুল ইসলাম নাহিদকে সমিতির পক্ষে থেকে অভিনন্দন জানানো হয়। নেতৃবৃন্দ দীর্ঘ রাজনৈতিক জীবনে শিক্ষা ক্ষেত্রে মন্ত্রীর অবদান কৃতজ্ঞতার সাথে স্মরণ করা হয়। সমিতির পক্ষ হতে সরকারের দিন বদলের কর্মসূচী বাস্তবায়নে শিক্ষার গুণগত মানোন্নয়নে সর্বাত্মক সহযোগিতার আশ্বাস প্রদান করা হয়। পাশাপাশি, সমিতির দীর্ঘদিনের দাবী শিক্ষা ক্যাডারে অর্জিত ছুটি, পদ সৃষ্টি, পদ আপগ্রেডেশন, ব্যাচভিত্তিক পদোন্নতি, প্রকল্পসহ শিক্ষা সংশ্লিষ্ট সকল প্রশাসনিক পদে শিক্ষা ক্যাডার কর্মকর্তাদের পদায়ন নিশ্চিতকরণ বিষয়ে মন্ত্রীর সুদৃষ্টি কামনা করা হয়।